গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)

ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫১৩৩০৫
ফ্যাক্স ঃ ৯৫৮৭৩০১
ই.মেইল ঃ info@dos.gov.bd
ওয়েবসাইট ঃ www.dos.gov.bd

| | |
|---|---|
| পরিদর্শক | |
| সুপারিনটেনডেন্ট | |
| হিসাব রক্ষক | |
| অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | |
| অফিস সহকারী | |

নথি নং- ১৮.১৭.০০০০.০১৫.৯৯.০০১.১৭/৬৫৭ তারিখঃ ২৩-০১-২০২০

০১/০২/২০২০

# সভার কার্য বিবরণী

**সভার বিষয়** ঃ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ নৌযান কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি) হতে ০১ বছর মেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত ইঞ্জিন শিক্ষানবিশদের সরাসরি ২য় শ্রেনীর ইনল্যান্ড ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে :

**সভার তারিখ** ঃ ১৮-১১-২০১৯ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা

**সভাপতি** ঃ কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন।

**স্থান** ঃ সম্মেলন কক্ষ, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।

**উপস্থিতি** ঃ (সংযুক্তি দ্রষ্টব্য)।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি শুরুতে সকলের মনোযোগ আকর্ষন করে বলেন যে, অভ্যন্তরীণ নৌযান কর্মীদের আরো বেশী প্রশিক্ষণ এবং অভিজ্ঞতা অর্জন করে কম্পিটেন্সি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তাদেরকে ধাপে ধাপে যোগ্যতা পরীক্ষা দিয়ে উপরে উঠতে হবে বলে তিনি মন্তব্য করেন। অত:পর সভাপতি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য ডেক এন্ড ইঞ্জিন পার্সোনেল ট্রেনিং সেন্টার এর অধ্যক্ষকে আহবান জানান।

ডেক এন্ড ইঞ্জিন পার্সোনেল ট্রেনিং সেন্টার এর অধ্যক্ষ, ক্যাপ্টেন মোঃ শাহজাহান বলেন, বিআইডব্লিউটিএ কর্তৃক পরিচালিত ডিইপিটিসি, নারায়ণগঞ্জ ১৯৭০ইং সন থেকে ডেক বিভাগের জন্য অত্যন্ত সফলতার সাথে দক্ষ নৌ-যান কর্মী তৈরী করে আসছে। সেই ধারাবাহিকতায় ২০০৪ইং সন থেকে ডেক শাখার পাশাপাশি ইঞ্জিন শাখা চালু করা হয়। ডিইপিটিসি'র শিক্ষানবিশগণ দিন রাত ২৪ ঘন্টা কেন্দ্রে অবস্থান করে পূর্ণ ০১ (এক) বছর তাত্ত্বিক এবং ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে। এছাড়াও ইঞ্জিন বিভাগের শিক্ষানবিশগণ সপ্তাহে ০২ দিন করে বাংলাদেশ নৌ-বাহিনীর ডক ইয়ার্ড, সোনাকান্দা, নারায়ণগঞ্জে হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণ করে এবং নিজস্ব প্রশিক্ষণ জাহাজ টি.এস.সিদ্দিকী তে প্রশিক্ষণ গ্রহণ করে। তারা অত্যন্ত দক্ষ এবং ২০০৪ ইং সন থেকে প্রশিক্ষণ শেষে ০৬ মাস চাকুরী করে সরাসরি ২য় শ্রেণীর ইনল্যান্ড ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করে আসছে। কিন্তু নৌ পরিবহন অধিদপ্তর কর্তৃক গত ০২/১০/২০১৯ ইং তারিখে একটি সার্কুলার জারী হবার পর থেকে ইঞ্জিন শিক্ষানবিশগণ সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ

দিন লিপি নং ২৪৫২ তাং ৬.২.২০২০
প্রকৌশলী ও জাহাজ জরিপ কারক অফিস
ঢাকা।

মার্কুলার জারী হবার পর থেকে ইঞ্জিন শিক্ষানবিশগন সরাসরি ২য় শ্রেনীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছেনা। ইঞ্জিন শিক্ষনবিশগন যাহাতে পুনরায় সরাসরি ২য় শ্রেনীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে, তার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি মহা-পরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর এর নিকট অনুরোধ করেন।

ক্যাপ্টেন কে. এম. জসীমউদ্দিন সরকার, চীফ নটিক্যাল সার্ভেয়ার, নৌ পরিবহন অধিদপ্তর বলেন যে, অভ্যন্তরীণ জাহাজ (লোক নিয়োগ, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান) বিধিমালা-২০০১ এর বিধি ২৩(২) (ঘ) অনুযায়ী যারা স্বীকৃত প্রাপ্ত ইনস্টিটিউট হতে মেরিন টেকনোলজিতে ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী তারাই কেবল ০৬ মাস চাকুরী করে সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। ইঞ্জিন বিভাগের ছাত্ররা ডেক বিভাগের ছাত্রদের মত একই ধরনের নিয়মের আলোকে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ আছে। তাই তাদের বাড়তি সুবিধা দেওয়া বিধি সম্মত হবে না।

জনাব, মঞ্জুরুল কবীর, প্রধান প্রকৌশলী, নৌ পরিবহন অধিদপ্তর বলেন যে, ডিইপিটিসি'র ছাত্ররা ডিপ্লোমা সনদধারীদের সমপর্যায়ের নয়। সুতরাং তারা ডিপ্লোমাধারীদের মত সমান সুযোগ পেতে পারে না।

মোঃ নুরুদ্দিন, সভাপতি, ডিইপিটিসি এক্স ক্যাডেট এসোসিয়েশন বলেন, ডিইপিটিসি থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ক্যাডেটগণ যথেষ্ট যোগ্যতা সম্পন্ন এবং তাদের ভিতরে অনেক মাষ্টার মেরিনারসহ বিভিন্ন উচ্চ পদে অধিষ্ঠিত আছে এবং অনেক জাহাজ কোম্পনীর মালিক হয়েছে। তিনি নিজেও জাহাজ কোম্পানীর মালিক এবং তার জাহাজ সমূহে ডিইপিটিসি'র ক্যাডেটদের মধ্যে যাহারা সরাসরি ২য় শ্রেনীর পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হয়ে আসে তাদের পারফরমেন্স অন্যদের তুলনায় যথেষ্ট ভালো। অতএব যে কোন মূল্যেই হোক ডিইপিটিসি'র ক্যাডেটদের সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে তার সুযোগ অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহণের জন্য মহা-পরিচালক মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করেন।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর চেয়ারম্যান মহোদয়, কমডোর এম.মাহবুব-উল-ইসলাম আলোচনায় অংশ নিয়ে বলেন যে, ডিইপিটিসি অত্যন্ত দক্ষতার সাথে তাদের শিক্ষানবিশদের প্রশিক্ষণ দিয়ে আসছে। ইঞ্জিন শিক্ষানবিশদের সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করার যোগ্যতা আছে বলে তিনি মনে করেন এবং সেজন্যই হয়তো ডিজি মহোদয় তাদের এতদিন যাবৎ সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিয়েছিলেন। তিনি আরো বলেন যে, ০৬ মাসের সী-সার্ভিস শেষে ২য় শ্রেণীর পরীক্ষায় সরাসরি অংশগ্রহণ করার সুযোগ প্রদান করা না গেলে কমপক্ষে ১৮ মাস সী-সার্ভিস সম্পন্ন করে যাতে সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

ক্যাপ্টেন মোঃ শাহজাহান, অধ্যক্ষ, ডিইপিটিসি, পুনরায় বলেন যে, ৮ম শ্রেণী পাশ একজন প্রার্থী ০৩ (তিন) বছর চাকুরী করে ৩য় শ্রেণীর ড্রাইভারশীপ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে, সেখানে ডিইপিটিসি'র ক্যাডেটগণ এস.এস.সি. পাশ এবং ০১ বছরের প্রশিক্ষণ সহ ০৩ (তিন) বছরের শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্ত। এর সাথে ০১ বছর থেকে ০২ বছর চাকুরীর অভিজ্ঞতা যোগ দিয়ে সব মিলিয়ে তাদের সরাসরি ২য় শ্রেণীর ড্রাইভার যোগ্যতার পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ অব্যাহত রাখা যেতে পারে। উপরন্তু লোক নিয়োগ পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান বিধিমালার ১৭ নং ধারা অনুযায়ী মহা-পরিচালক মহোদয় বিষয়টি বিবেচনা করে সুযোগটি অব্যাহত রাখতে পারেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১। সকল প্রার্থী অভ্যন্তরীণ (লোক নিয়োগ, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান) বিধিমালা-২০০১ এর বিধান প্রতিপালন সাপেক্ষে ১ম, ২য় এবং ৩য় শ্রেনীর ড্রাইভার যোগ্যতা সনদ পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবেন।

২। ডিইপিটিসি কর্তৃক পরিচালিত প্রশিক্ষন কোর্সটি ডিপ্লোমা পর্যায়ে উন্নীত করা হলে ডিপ্লোমাধারীদের জন্য প্রযোজ্য অভিজ্ঞতার শর্ত পূরন সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষিত প্রশিক্ষনার্থীগন সরাসরি ২য় এবং ১ম শ্রেনীর যোগ্যতা সনদ পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবেন।

আলোচনার জন্য অন্য কোন বিষয়ের অবতারনা না হওয়ায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা।
২। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, ডিইপিটিসি, নারায়ণগঞ্জ।
৪। ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব মোঃ আরাফাত হোসেন, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের এন্ড এক্সামিনার, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোঃ আবুল বাসার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের এন্ড এক্সামিনার, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব মোঃ ওবায়েদ উল্লাহ ইবনে বশির, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, সদরঘাট, ঢাকা।
৮। মুখ্য পরিদর্শক, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৯। সভাপতি, ডিইপিটিসি এক্স ক্যাডেট, এসোসিয়েশন, ১৮ স্টেট রোড, বিআইডব্লিউটিসি মার্কেট, সদরঘাট, চট্টগ্রাম।